রেজিস্টার্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৬৫(অংশ-১).০১৬.- ৭৩ তারিখঃ ২৭/০২/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও খেলাপী আদায় প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৫-১৬ অর্থবছরে ঢাকা ও ময়মনসিংহ বিভাগের আত্মকর্মসংস্থান ঋণ কর্মসুচির লক্ষ্যমাত্রা মোতাবেক ঋণ বিতরণ, খেলাপী ঋণ আদায়ে ব্যর্থ এবং অধিক কিস্তি খেলাপী রয়েছে এমন উপজেলার ঋণের অগ্রগতি/অবনতির তথ্য উল্লেখ করে ৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলার চলমান আদায় শতভাগ অর্জন, সমুদয় কিস্তি খেলাপী ও বিবেচ্য সময়ে খেলাপীতে যুক্ত অর্থ আদায় এবং এ বিষয়ক অগ্রগতির পাক্ষিক প্রতিবেদন জেলা কার্যালয়ের মাধ্যমে সমন্বিত করে প্রেরণ করার নির্দেশনা দিয়ে পত্র দেয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে টাংগাইল,রাজবাড়ী ও গোপালগঞ্জ জেলা হতে কোন পাক্ষিক প্রতিবেদন পাওয়া যায়নি। বর্ণিত অবস্থায় ডিসেম্বর/১৬ মাস শেষে উক্ত উপজেলাসমুহের ঋণ কাযর্ক্রমের অগ্রগতি নিরুপনের লক্ষ্যে মাসিক প্রতিবেদন বিশ্লেষণ করা হয়েছে। যার তথ্য নিম্নরূপঃ

| নং | জেলা | উপজেলা | ২০১৬-১৭ অথবছরেবিতরণ | | | | কিস্তি খেলাপী | | | | ঋণ খেলাপী | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্য মাত্রা | বিতরণ | | | জুন ১৬ | আগষ্ট ১৬ | ডিসে ১৬ | ব্যবধান | জুন/১৬ | আগষ্ট/ ১৬ | ডিসে/ ১৬ | ব্যবধান |
| | | | | ১ম দফা | অন্যান্য দফা | মোট | | | | | | | | |
| ১ | শেরপুর | শ্রীবর্দী | ১৪.৪০ | ৮.৫০ | ৪.৫০ | ১৩.০০ | ৩.৯৯ | ৪.০৪ | ২.০২ | -১.৯৭ | ২১.৮৯ | ২১.৭৬ | ২৩.১৯ | ১.৩০ |
| ২ | | নালিতাবাড়ী | ১৪.৪০ | ৭.৩০ | ৪.৩১ | ১১.৬১ | ২.৮৪ | ২.৮২ | ২.০০ | -০.৮৪ | ২৪.১৪ | ২৪.৪৫ | ২৫.২৮ | ১.১৪ |
| ৩ | | সদর | ১৪.৪০ | ১৫.৪০ | ০.০০ | ১৫.৪০ | ২.৫৩ | ২.৫৭ | ২.৯০ | ০.৩৭ | ১৩.৩৪ | ১৩.৩৮ | ১৩.১০ | -০.২৪ |
| ৪ | টাঙ্গাইল | বাসাইল | ১৪.৪০ | ০.৯০ | ৬.৯০ | ৭.৮০ | ২.১২ | ২.৪২ | ১.৮৫ | -০.২৭ | ৫.০৬ | ৫.২০ | ৫.৩৮ | ০.৩২ |
| ৫ | ফরিদপুর | চরভদ্রাসন | ১৪.৪০ | ৩.৪৮ | ২.১২ | ৫.৬০ | ২.৩৬ | ২.৭২ | ২.৪৪ | ০.০৮ | ৪.৪৩ | ৪.৫১ | ৪.৪৯ | ০.০৬ |
| ৬ | | সদর | ১৯.২০ | ৬.২০ | ৪.৭০ | ১০.৯০ | ৩.৫৬ | ৪.১৩ | ২.৭৩ | -০.৮৩ | ৮.৯০ | ৮.৫১ | ৯.৭২ | ০.৮২ |
| ৭ | রাজবাড়ী | পাংশা | ১৪.৪০ | ১০.৪০ | ৬.৯৫ | ১৭.৩৫ | ২.১৫ | ২.৫৯ | ১.০৭ | -১.০৮ | ২.০১ | ১.৮৫ | ৩.১০ | ১.০৯ |
| ৮ | শরিয়তপুর | ভেদরগঞ্জ | ৯.৬০ | ৫.৬০ | ১০.০০ | ১৫.৬০ | ২.০৮ | ২.৪৫ | ১.১৯ | -০.৮৯ | ৪.১২ | ৩.৮৪ | ৩.৫০ | -০.৬২ |
| ৯ | | নড়িয়া | ৯.৬০ | ৭.৮০ | ১০.৩১ | ১৮.১১ | ২.৪৩ | ২.০১ | ১.৮২ | -০.৬১ | ৮.৯৬ | ৯.৪২ | ৮.৮৪ | -০.১২ |
| ১০ | | গোসাইরহাট | ৯.৬০ | ২.৬০ | ৫.৯৫ | ৮.৫৫ | ৪.৮০ | ৫.০৫ | ২.৭১ | -২.০৯ | ৮.৩৬ | ৮.৩৭ | ৮.৩৫ | -০.০১ |
| ১১ | | ডামুড্যা | ৯.৬০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ২.৮৫ | ২.৩৭ | ২.০১ | -০.৮৪ | ৭.৯৫ | ৭.৫৪ | ৬.৯২ | -১.০৩ |
| ১২ | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৯.৬০ | ৬.৬০ | ০.৮১ | ৭.৪১ | ২.৪৫ | ২.৬৩ | ১.২৭ | -১.১৮ | ২০.৮২ | ২০.৮৫ | ২০.৯০ | ০.০৮ |
| ১৩ | | কোটালীপাড়া | ১৪.৪০ | ৫.১০ | ৩.৭০ | ৮.৮০ | ৬.০১ | ৬.৮৮ | ৫.১৭ | -০.৮৪ | ১০.৮৫ | ১০.৩৬ | ১০.৫৪ | -০.৩১ |

০২। ছকে বর্ণিত তথ্য পর্যবেক্ষণ করে দেখা যায় কোন উপজেলাই বিবেচ্য সময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম দফার বিতরণ শতভাগ অর্জন করতে পারেনি। সদর শেরপুর এবং চরভদ্রাশন জুন/১৬ তে বিরাজিত কিস্তি খেলাপী ডিসেম্বর/১৬ তে আরও বড় হয়েছে। শ্রীবর্দী,নালিতাবাড়ী,বাসাইল,সদর ফরিদপুর, পাংশা, ভেদরগঞ্জ,নড়িয়া,গোসাইরহাট,ডামুড্যা,কাশিয়ানি ও কোটালীপাড়ায় কিস্তি খেলাপী কমলেও সমুদয় অংশ ঋণ খেলাপীতে যুক্ত হয়েছে। শ্রীবর্দী উপজেলা ব্যতীত অন্য সকল উপজেলায় বিবেচ্য সময়ে কিস্তি খেলাপীতে যথাক্রমে ০.৬৬,০.২৯,০.১৮,০.৩১,৩.২৮,০.৮৪,০.৫৬,১.৪৫,০.১৯,০.৭৩, এবং ৫.০৫ লক্ষ টাকা যুক্ত হয়েছে। এ বিষয়ে প্রদত্ত ৩০.১১.১৬ তারিখের মধ্যে সমুদয় কিস্তি খেলাপী আদায়ের নির্দেশনা উপেক্ষিত হয়েছে। বিবেচ্য সময়ে সদর শেরপুর,চরভদ্রাশন,সদর ফরিদপুর,নড়িয়া ও গোসাইরহাট যথাক্রমে ০.০২,০.৬৯,০.৮৩,০২৮ এবং ০৩৪ লক্ষ টাকা ঋণ খেলাপীতে যুক্ত হয়েছিল। পরবর্তী ৬ মাসে (জুলাই-ডিসেম্বর/১৬) নতুন যুক্ত খেলাপীসহ পুরাতন খেলাপী আদায়ে সম্পূর্ন ব্যর্থ হয়েছে এবং শ্রীবর্দী,নালিতাবাড়ী, বাসাইল, চরভদ্রাসন, সদর ফরিদপুর,পাংশা, ও কাশিয়ানি ১.৩০,১.১৪,০.৩২,০.০৬,০.৮২,১.০৯ এবং ০.০৮ লক্ষ টাকা যুক্ত হয়েছে।

০৩। এ তে স্পষ্টই প্রতীয়মান হয় যে, কার্যালয়ের জনবল ঋণ কার্যক্রম বাস্তবায়নে যথেষ্ট উদাসীন। তাদের এ ধরনের আচরন কর্তৃপক্ষের আদেশ অবজ্ঞার সামিল বিধায় কেন তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা হবে না তার কারণ ১৪.০৩.১৭খ্রিঃ তারিখের মধ্যে জানাতে বলা হলো। একইসাথে উক্ত উপজেলাসমুহকে বছরের শুরুতে বর্ণিত লক্ষ্যমাত্রা মোতাবেক ঋণ বিতরণ ও খেলাপী ঋণ আদায়, চলমান আদায় শতভাগ অর্জন এবং ডিসেঃ/১৬ তে স্থিত কিস্তি খেলাপী আগামী ২৭/০৪/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে আদায় করতঃ জেলা কার্যালয়ের মাধ্যমে সমন্বিত করে পাক্ষিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে পুনরায় বলা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(কে এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)
ফোনঃ ৯৫১৫০১৯

১। ............................................ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
........................... উপজেলা ............................ জেলা।

২। ............................................ ক্রেডিটসুপারভাইজার
........................... উপজেলা ............................ জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৬৫(অংশ-১).০১৬.- ৭৩ তারিখঃ ২৭/০২/২০১৭খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ...................... জেলাকে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন তদারকী নিশ্চিতকরণসহ সংশ্লিষ্ট উপজেলাসমুহের সমন্বিত পাক্ষিক প্রতিবেদন তাঁর মন্তব্যসহ অগ্রায়ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ।

৪। দপ্তর নথি।

(কে এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)